



বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি
(বিএসসিপিএলসি)
(ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন একটি
পাবলিক লিমিটেড কোম্পানি)
www.bsccplc.gov.bd



স্মারক নম্বর: ১৪.৩৪.০০০০.৩০৩.১৮.০১৫.২৪.৪৬

তারিখ: ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: বিএসসিপিএলসি এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রণীত দায়-দায়িত্ব (Job Description) পরিপালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিএসসিপিএলসি এর কর্মকর্তা-কর্মচারীদের দায়-দায়িত্ব (Job Description) গত ২৫/০১/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিএসসিপিএলসি এর পরিচালনা পর্ষদের ২৩৫তম সভায় গৃহীত হয় এবং যথাযথভাবে পরিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত দায়-দায়িত্ব (Job Description) বিএসসিপিএলসি এর ওয়েবসাইটে (www.bsccplc.gov.bd) প্রকাশ করা হয়েছে।

এমতাবস্থায়, বিএসসিপিএলসি এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রণীত দায়-দায়িত্ব (Job Description) যথাযথভাবে পরিপালনের জন্য সকল কর্মকর্তা-কর্মচারীকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

(১) কর্মকর্তা-কর্মচারী কর্মবিবরণী, ২০২৫

Zakir Hossain

০৬-০২-২০২৫

মোহাম্মদ জাকিরুল আলম

উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল কর্মকর্তা, বিএসসিপিএলসি।।
- ২। সকল কর্মচারী, বিএসসিপিএলসি।।

স্মারক নম্বর: ১৪.৩৪.০০০০.৩০৩.১৮.০১৫.২৪.৪৬/১ (২)

তারিখ: ২৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সহকারী ব্যবস্থাপক (তথ্য প্রযুক্তি), তথ্য প্রযুক্তি শাখা, বিএসসিপিএলসি (ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ২। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)।



Zakir Alam

০৬-০২-২০২৫

মোহাম্মদ জাকির আলম

উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)



বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)
Bangladesh Submarine Cables PLC (BSCPLC)

কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণী, ২০২৫
Job Description of Officers and Employees, 2025

জানুয়ারি-২০২৫

রহমান'স রেগনাম সেন্টার (৮ম তলা) ১৯১, তেজগাঁও-পুলশান লিংক রোড, ঢাকা-১২০৮

পাতা ১ / ১২৯

Zehid Ak.
(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি।




মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

সূচীপত্র

ক্রমিক নং	ক্রম	শিরোনাম	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায় - পটভূমি			
১	১.১	পটভূমি	৩-৩
২	১.২	সংজ্ঞা	৪-৪
৩	১.৩	সাধারণ নির্দেশনা	৫-৫
দ্বিতীয় অধ্যায় - কর্মকর্তাদের কর্মবিবরণী (প্রধান কার্যালয়)			
৪	২.০	ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর	৬-৬
৫	৩.০	অভ্যন্তরীণ নিরীক্ষা এর দপ্তর	৭-১০
৬	৪.০	কোম্পানি সচিব এর দপ্তর	১১-১৭
৭	৫.০	মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)	
৮		৫.১	উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর
৯		৫.২	উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) এর দপ্তর
১০	৬.০	মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)	
১১		৬.১	উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) এর দপ্তর
১২		৬.২	উপ-মহাব্যবস্থাপক (সংগ্রহ ও সেবা) এর দপ্তর
১৩		৬.৩	উপ-মহাব্যবস্থাপক (ব্যাডউইডথ প্রািনিং) এর দপ্তর
১৪	৭.০	মহাব্যবস্থাপক (মার্কেটিং ও সেলস)	
১৫		৭.১	উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং ও সেলস) এর দপ্তর
১৬		৭.২	উপ-মহাব্যবস্থাপক (গ্রাহক সেবা) এর দপ্তর
১৭	৮.০	মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ)	
তৃতীয় অধ্যায় - কর্মকর্তাদের কর্মবিবরণী (আইআইজি ইউনিট ও ল্যান্ডিং স্টেশন সমূহ)			
১৮	৮.০	৮.১	উপ-মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ, আইআইজি) এর দপ্তর
১৯		৮.২	উপ-মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ, COX LS) এর দপ্তর
২০		৮.৩	উপ-মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ, KKTLS) এর দপ্তর
চতুর্থ অধ্যায় - কর্মচারীগণের কর্মবিবরণী (অর্গানোগ্রাম অনুসারে সকল দপ্তর/ইউনিট/শাখার জন্য প্রযোজ্য)			
২১	৯.০	কোম্পানির গ্রেড ৮ হতে ১০ পর্যন্ত সকলের কর্মবিবরণী	
		১২৩-১২৯	

পাতা ২ / ১২৯

Zakir M.
(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব) -
বাংলাদেশ সাবেক মেরিন ক্যাবলস পিএলসি।



[Signature]
মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

১.১ পটভূমিঃ

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি), ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীনে একটি রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি, যা জুলাই ২০০৮ সালে প্রতিষ্ঠার পর হতে দেশে সাবমেরিন ক্যাবল এর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করছে এবং বাংলাদেশকে আন্তর্জাতিক তথ্যপ্রযুক্তি মহাসড়কে সংযুক্ত রেখেছে। সর্বাধুনিক প্রযুক্তির সাবমেরিন ক্যাবলের মাধ্যমে অতি দ্রুততার সাথে এবং সহজভাবে দেশের আন্তর্জাতিক টেলিযোগাযোগ ব্যবস্থা রক্ষা করছে। দেশে ইন্টারনেট ব্যান্ডউইথ সক্ষমতা প্রসারে ইন্টারনেটের ব্যবহার বৃদ্ধি এবং দেশে ইন্টারনেট ব্যান্ডউইথের মূল্য হ্রাসের জন্য বিএসসিপিএলসি ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতায় আস্থার সাথে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (সংশোধনী) Ordinance 2008 এর 5B ধারা বলে কল্লবাজারস্থ ল্যান্ডিং স্টেশনসহ SEA-ME-WE-4 সাবমেরিন ক্যাবলকে বিলুপ্তকৃত বিটিটিবি থেকে আলাদা করে “বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিপিএলসি)” নামক একটি নতুন কোম্পানি গঠন করা হয়। ২৪ জুন ২০০৮ ইং তারিখে Registrar of Joint Stock Companies And Firms (RJSC) পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে বিএসসিপিএলসি-কে Certificate of Incorporation এবং Certificate of Commencement of Business প্রদান করে। পরবর্তীতে ৩০ জুন ২০০৮ খ্রি তারিখে সরকারের সাথে Vendors Agreement স্বাক্ষরিত হয় এবং ০১ জুলাই ২০০৮ ইং তারিখ হতে বিএসসিপিএলসি পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে আনুষ্ঠানিক যাত্রা যাত্রা শুরু করে।

কোম্পানির প্রথম অর্গানোগ্রাম এবং উক্ত অর্গানোগ্রামে উল্লিখিত পদসমূহের Job Description ২০০৮ সালে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে বিভিন্ন সময়ে কোম্পানির কাজের স্বার্থে বিভিন্ন পদ সৃষ্টি করে অর্গানোগ্রাম সংশোধন করা হলেও কোন পদের ক্ষেত্রেই কোন Job Description প্রস্তুত করা হয়নি। কোম্পানির কাজের পরিধি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন কাজের দায়িত্ব পালন করতে হচ্ছে।

গত ২০১৪ এবং ২০১৮ সালে যথাক্রমে কোম্পানির কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৪ ও কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৮ পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়। উক্ত ২টি প্রবিধানমালার ১(৫) বিধিতে উল্লেখ রয়েছে যে, ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং তিনি কোম্পানির অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণের দায়-দায়িত্ব (Job Description) নির্ধারণ এবং বন্টন করবেন। কিন্তু অদ্যাবধি কোন Job Description প্রস্তুত করা হয়নি। এ প্রেক্ষিতে, বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কোম্পানির অর্গানোগ্রাম অনুসারে প্রতিটি পদের Job Description প্রণয়নের জন্য ৫ সদস্যের একটি কমিটি গঠন করেছেন। উক্ত কমিটি বিভিন্ন প্রতিষ্ঠানের Job Description পর্যালোচনা করে কোম্পানির বর্তমান প্রতিটি পদের জন্য একটি খসড়া Job Description প্রস্তুত করে তা ব্যবস্থাপনা পরিচালকের নিকট দাখিল করেন।

উল্লেখ্য, কমিটি গঠনের পূর্বে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক, কোম্পানি সচিব এবং অন্যান্য দপ্তর থেকে তাদের কার্যক্রমের খসড়া সংগ্রহ করেন, যা কমিটি যাচাই-বাছাই করে চূড়ান্ত খসড়া প্রস্তুত করে। এই Job Description টি “কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণী, ২০২৫” হিসাবে অভিহিত করা হয়।

পাতা ৩ / ১২৯

Zakir M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি।



মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

১.২ সংজ্ঞাঃ

- (১) “কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণী, ২০২৫” বলতে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) তে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের দাপ্তরিক কাজের কর্ম বিবরণী বুঝাবে।
- (২) কোম্পানি (company): কোম্পানি বলতে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) বুঝাবে।
- (৩) পরিচালনা পর্ষদ (Board of Directors): পরিচালনা পর্ষদ বলতে কোম্পানির পরিচালনা পর্ষদকে বুঝাবে।
- (৪) ব্যবস্থাপনা পরিচালক (Managing Director): ব্যবস্থাপনা পরিচালক বলতে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) এর প্রধান নির্বাহী তথা ব্যবস্থাপনা পরিচালক কে বুঝাবে।
- (৫) ব্যবস্থাপনা কর্তৃপক্ষঃ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ হলো বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ।
- (৬) COX LS বলতে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) এর কক্সবাজার ল্যান্ডিং স্টেশন কে বুঝাবে।
- (৭) KKT LS বলতে বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) এর কুয়াকাটা ল্যান্ডিং স্টেশন কে বুঝাবে।
- (৮) এই কর্মবিবরণীতে ব্যবহৃত সংক্ষিপ্ত কিছু শব্দের পূর্ণরূপঃ

RJSC/ রাজস্বসি	Registrar of Joint Stock Companies And Firms	APP	Annual Procurement Plan
ডিএসইসি	Bangladesh Securities and Exchange Commission	SLTE	Submarine Line Terminal Equipment
ডিএসই	Dhaka Stock Exchange PLC.	PFE	Power Feeding Equipment
ডিএসই	Chittagong Stock Exchange PLC.	LAN	Local Area Network
PSI	Price Sensitive Information	APNIC	Asia-Pacific Network Information Centre
BTRC	Bangladesh Telecommunication Regulatory Commission	SMW4	SEA-ME-WE 4 (South-East Asia-Middle East-Western Europe 4)
ICPC	International Cable Protection Committee	SMW5	SEA-ME-WE 5 (South-East Asia-Middle East-Western Europe 5)
UNODC	United Nations Office on Drugs and Crime	SMW6	SEA-ME-WE 6 (South-East Asia-Middle East-Western Europe 6)
O&MSC	Operation and Maintenance Subcommittee	R&D	Research and Development
O&M	Operation and Maintenance	ILDTS	International Long-Distance Telecommunications Services
NOC	Network Operations Center	IIG	International Internet Gateway
BMH	Beach Manhole	ISP	Internet Service Provider
URL	Uniform Resource Locator	NTTN	Nationwide Telecommunication Transmission Network
IRU	Indefeasible Right of Use	IPT	Internet Protocol Telephony
PoP	Point of Presence	MUX	Multiplexer
VLAN	Virtual Local Area Network	IPv4	Internet Protocol Version 4
ACL	Access Control List	IPv6	Internet Protocol Version 6
STP	Spanning Tree Protocol	DHCP	Dynamic Host Configuration Protocol
NAT	Network Address Translation	KPI	key point infrastructure
NMS	Network Management System	DDOS	Distributed Denial of Service
DPI	Deep Packet Inspection	ASN	Autonomous System Number

পাতা ৪ / ১২৯

Zakir M.
(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি।



M.
মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

১.৩ সাধারণ নির্দেশনাঃ

- (১) কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণী (Job Description of Officers and Employees) কোম্পানির দাপ্তরিক কাজের স্বার্থে ব্যবহারযোগ্য হবে। ইহা “কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণী, ২০২৫” হিসাবে অভিহিত হবে।
- (২) কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণী, ২০২৫ জারি হওয়ার পর ইতোপূর্ব পরিচালনা পর্ষদ কর্তৃক বা ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণী বা এ বিষয়ে বিভিন্ন আদেশ রহিত হয়েছে বলে গণ্য হবে।
- (৩) অনুমোদিত কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০১৮ অনুসারে ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং তিনি কোম্পানির অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণের দায়-দায়িত্ব (Job Description) নির্ধারণ এবং বন্টন করবেন মর্মে উল্লেখ থাকায় কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা যেকোন সময়ে যে কোন প্রয়োজনে “কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণী, ২০২৫” (Job Description of Officers and Employees) এ পরিবর্তন, পরিমার্জন বা সংশোধন করতে পারবেন।
- (৪) সময়ে সময়ে গঠিত বিভিন্ন কমিটি/টিম ইত্যাদির কার্যপরিধি এই কর্ম বিবরণীর সাথে সম্পর্কযুক্ত হবে না।
- (৫) কোম্পানির বর্তমান অর্গানোগ্রাম অনুযায়ী, কোনো কর্মকর্তা বা কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার পদ (যা “কাহার নিকট রিপোর্ট করবে” হিসেবে ২০২৫-এর কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণীতে উল্লেখ রয়েছে) শূন্য থাকলে, উক্ত পদের উচ্চতর পদধারী কর্মকর্তার নিকট তিনি রিপোর্ট করবেন।
- (৬) এই “কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণী, ২০২৫” তে যাই থাকুক না কেন কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রয়োজন হবে।
- (৭) কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালনীয় হবে। যদি উক্ত আদেশ এই “কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণী, ২০২৫” এর পরিপন্থী হয় তবুও উক্ত জারিকৃত আদেশ পরিপালনীয় হবে।
- (৮) যেহেতু বিএসসিপিএলসি একটি আন্তর্জাতিক কনসোর্টিয়াম এর সদস্য হিসেবে তিনটি ক্যাবল কনসোর্টিয়ামের সাথে সম্পর্কযুক্ত সেহেতু এই কর্মবিবরণীতে যাই থাকুক না কেন কনসোর্টিয়াম এর সাথে সম্পর্কযুক্ত যেকোন বিষয়ে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তার অনুমোদিত নির্দেশনাই চূড়ান্ত বলে গণ্য হবে।
- (৯) কর্মকর্তা ও কর্মচারীদের কর্মবিবরণীতে উল্লিখিত কোনো বিষয় দুর্বোধ্য মনে হলে বা ব্যাখ্যার প্রয়োজন হলে, কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তার অনুমোদিত নির্দেশনাই চূড়ান্ত বলে গণ্য হবে।

পাতা ৫ / ১২৯

Zahin M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি।




মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

২.০ ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তরঃ

২.১ ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব

পদের নাম	ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব
কাহার নিকট রিপোর্ট করবে	ব্যবস্থাপনা পরিচালক
প্রধান ভূমিকা	ব্যবস্থাপনা পরিচালককে দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রমে সার্বিক সহযোগিতা এবং নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাজ সম্পাদন।

কর্তব্য ও দায়িত্বঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালককে দাপ্তরিক দায়িত্ব পালনে সার্বিক সহযোগিতা করা।
- ২। ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত সহকারির কাজ সার্বিক তদারকি করা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক এর নির্দেশ মোতাবেক প্রয়োজনীয় পত্র/দলিলাদি (Documents) প্রস্তুত করা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক এর নির্দেশনা মোতাবেক বিভিন্ন গুরুত্বপূর্ণ চিঠিপত্র/দলিল সংরক্ষণ করা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালকের নির্দেশনা মোতাবেক বিভিন্ন নথিপত্র প্রস্তুত করা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক এর নির্দেশ মোতাবেক দপ্তরে আপত্তি বিভিন্ন নথিপত্র পরীক্ষণ করা।
- ৭। পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যপত্র তৈরি করা।
- ৮। পরিচালনা পর্ষদ সভা এবং অন্যান্য বিভিন্ন সভায় উপস্থাপনের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের জন্য প্রেজেন্টেশন তৈরি করা।
- ৯। ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর সংশ্লিষ্ট প্রয়োজনীয় বাজেট প্রস্তুত করে অর্থ ও হিসাব অনুবিভাগে প্রেরণ করা।
- ১০। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে প্রয়োজ্য ক্ষেত্রে সমন্বয়পূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ১১। কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।
- ১২। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিধি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে তদারকি এবং তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান।
- ১৩। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ১৪। কোম্পানির পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

পাতা ৬ / ১২৯

Zakir M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি।



মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

৩.০ অভ্যন্তরীণ নিরীক্ষা এর দপ্তরঃ

৩.১ উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)

পদের নাম	উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)
কাহার নিকট রিপোর্ট করবে	ব্যবস্থাপনা পরিচালক
প্রধান ভূমিকাঃ	প্রতিষ্ঠানের আর্থিক কার্যক্রম, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও ঝুঁকি ব্যবস্থাপনার নিরীক্ষণ, স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।

কর্তব্য ও দায়িত্বঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালককে তাঁর আর্থিক ও হিসাব সংক্রান্ত বিষয়ে সহায়তা করা।
- ২। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের রুটিন কাজ তদারকি এবং প্রয়োজনীয় ক্ষেত্রে উৎকর্ষসাধনের পরামর্শ প্রদান।
- ৩। কোম্পানির সমস্ত আর্থিক কার্যক্রম নিয়মিতভাবে নিরীক্ষাকরণ, বিশ্লেষণ ও সঠিকভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপনা পরিচালককে সুপারিশ প্রদান করা।
- ৪। হিসাব ও অভ্যন্তরীণ ব্যয় নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথ করণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।
- ৫। বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন ও যথাযথ বাস্তবায়ন করা।
- ৬। আর্থিক বিষয়ে ভবিষ্যৎ ঝুঁকি নির্ধারণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান।
- ৭। কোম্পানির আর্থিক কার্যক্রমের স্বচ্ছতা, দক্ষতা ও কার্যকারিতা নিশ্চিতকরণের প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
- ৮। বিভিন্নক্ষেত্রে কোম্পানির আর্থিক বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে বিচার বিশ্লেষণপূর্বক পরামর্শ প্রদান।
- ৯। আইন, ভ্যাট, আয়কর, আন্তর্জাতিক হিসাবমান, বাংলাদেশ হিসাবমানসহ অন্যান্য বিধিবিধান সঠিকভাবে পরিপালন নিশ্চিত করা।
- ১০। কোম্পানির অডিট কমিটি ও পরিচালনা পর্ষদ কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে প্রতিপালন ও প্রয়োজ্য ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রতিবেদন আকারে উপস্থাপন।
- ১১। ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক নির্দেশিত বিভিন্ন বিষয়ের উপর প্রতিবেদন পেশ।
- ১২। কোম্পানির ল্যান্ডিং স্টেশনসমূহের আর্থিক কার্যক্রম সরেজমিনে নিরীক্ষা এবং নিয়ন্ত্রক সংস্থা ও অন্যান্য প্রতিষ্ঠানের নিয়ম-নীতি পরিপালন পর্যালোচনা।
- ১৩। অবসর/প্রেমণ/চুক্তিভিত্তিক/স্বৈচ্ছায় চাকুরি হতে অব্যাহতি সম্পর্কিত নিরীক্ষা আপত্তি পর্যালোচনা ও সম্পাদন করা।
- ১৪। কোম্পানির বকেয়া আদায়ের অগ্রগতির বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
- ১৫। কোম্পানির অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের সাথে সরকারি এবং বিধিবদ্ধ নিরীক্ষকদের মধ্যে সমন্বয় সাধনপূর্বক অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।
- ১৬। নিয়মিতভাবে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে কোম্পানির সকল অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ১৭। পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যপত্র তৈরি করা।
- ১৮। অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগের জন্য প্রয়োজনীয় বাজেট প্রস্তুত করে অর্থ ও হিসাব অনুবিভাগে প্রেরণ করা।
- ১৯। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে সমন্বয়পূর্বক অডিট বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ২০। কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।

পাতা ৭ / ১২৯

Zakir M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএসসি।



মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ২১। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিধি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে তদারকি এবং তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান।
- ২২। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ২৩। কোম্পানির পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

৩.২ ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)

পদের নাম	ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)
কাহার নিকট রিপোর্ট করবে	উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)
প্রধান ভূমিকাঃ	প্রতিষ্ঠানের আর্থিক কার্যক্রম, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও কুঁকি ব্যবস্থাপনার নিরীক্ষণ, স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণে সহায়তা প্রদান।

কর্তব্য ও দায়িত্বঃ

- উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা) কে তীর দায়িত্ব পালনে সহায়তা করা।
- অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের রুটিন কাজ তদারকি এবং প্রয়োজনীয় ক্ষেত্রে উৎকর্ষসাধনের পরামর্শ প্রদান।
- কোম্পানির সমস্ত আর্থিক কার্যক্রম নিয়মিতভাবে নিরীক্ষাকরণ, বিশ্লেষণ ও সঠিকভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপনা পরিচালককে সুপারিশ প্রদানে উপ-মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা) কে সহযোগিতা করা।
- হিসাব ও অভ্যন্তরীণ ব্যয় নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথ করণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।
- বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন ও যথাযথ বাস্তবায়ন করা।
- আর্থিক বিষয়ে ভবিষ্যৎ কুঁকি নির্ধারণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান।
- কোম্পানির আর্থিক কার্যক্রমের স্বচ্ছতা, দক্ষতা ও কার্যকারিতা নিশ্চিতকরণ।
- বিভিন্নক্ষেত্রে কোম্পানির আর্থিক বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে বিচার বিশ্লেষণপূর্বক পরামর্শ প্রদান।
- আইন, ড্যাট, আয়কর, আন্তর্জাতিক হিসাবমান, বাংলাদেশ হিসাবমানসহ অন্যান্য বিধিবিধান সঠিকভাবে পরিপালন নিশ্চিত করা।
- কোম্পানির অডিট কমিটি ও পরিচালনা পর্ষদ কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে প্রতিপালন ও প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রতিবেদন আকারে উপস্থাপন।
- ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক প্রদত্ত বিভিন্ন বিষয়ের উপর প্রতিবেদন পেশ।
- কোম্পানির ল্যান্ডিং স্টেশনসমূহের আর্থিক কার্যক্রম সরেজমিনে নিরীক্ষা এবং নিয়ন্ত্রক সংস্থা ও অন্যান্য প্রতিষ্ঠানের নিয়ম-নীতি পরিপালন পর্যালোচনা।
- অবসর/প্রেষণ/চুক্তিভিত্তিক/স্বৈচ্ছায় চাকুরি হতে অব্যাহতি সম্পর্কিত নিরীক্ষা আপত্তি পর্যালোচনা ও সম্পাদন করা।
- কোম্পানির বকেয়া আদায়ের অগ্রগতির বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।
- হিসাব, ব্যাংক সমন্বয়, নিরীক্ষা রুটিন, নিয়ন্ত্রণ অ্যাকাউন্টস এবং রেওয়ামিল ব্যালেন্সের গাণিতিক নির্ভুলতা যাচাই করা।

পাতা ৮ / ১২৯

Zakir M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি।




মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ১৫। কোম্পানির অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের সাথে সরকারি এবং বিধিবদ্ধ নিরীক্ষকদের মধ্যে সমন্বয় সাধনপূর্বক অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।
- ১৬। নিয়মিতভাবে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে কোম্পানির সকল অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ১৭। পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যপত্র তৈরি করা।
- ১৮। অভ্যন্তরীণ নিরীক্ষা অধিশাখার জন্য প্রয়োজনীয় বাজেট প্রস্তুত করা।
- ১৯। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে সমন্বয়পূর্বক অডিট বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ২০। কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।
- ২১। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিধি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে তদারকি এবং তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান।
- ২২। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ২৩। কোম্পানির পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

৩.৩ সহকারী ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)

পদের নাম	সহকারী ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)
কাহার নিকট রিপোর্ট করবে	ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা)
প্রধান ভূমিকাঃ	প্রতিষ্ঠানের আর্থিক কার্যক্রম, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও ঝুঁকি ব্যবস্থাপনার নিরীক্ষণ, স্বচ্ছতা ও দক্ষতা নিশ্চিতকরণে ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা) কে সহায়তা প্রদান।

কর্তব্য ও দায়িত্বঃ

- ১। ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা) কে তীর্থ দায়িত্ব পালনে সহায়তা করা।
- ২। কোম্পানির সমস্ত আর্থিক কার্যক্রম নিয়মিতভাবে নিরীক্ষাকরণ, বিশ্লেষণ ও সঠিকভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপনা পরিচালককে সুপারিশ প্রদানে ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা) কে সহযোগিতা করা।
- ৩। হিসাব ও অভ্যন্তরীণ ব্যয় নিয়ন্ত্রণ ব্যবস্থা যথাযথ করণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।
- ৪। বার্ষিক অভ্যন্তরীণ নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন ও যথাযথ বাস্তবায়ন করা।
- ৫। আর্থিক বিষয়ে ভবিষ্যৎ ঝুঁকি নির্ধারণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান।
- ৬। কোম্পানির আর্থিক কার্যক্রমের স্বচ্ছতা, দক্ষতা ও কার্যকারিতা নিশ্চিতকরণ।
- ৭। বিভিন্নক্ষেত্রে কোম্পানির আর্থিক বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে বিচার বিশ্লেষণপূর্বক পরামর্শ প্রদান।
- ৮। আইন, ডাট, আয়কর, আন্তর্জাতিক হিসাবমান, বাংলাদেশ হিসাবমানসহ অন্যান্য বিধিবিধান সঠিকভাবে পরিপালন নিশ্চিত করা।
- ৯। কোম্পানির অডিট কমিটি ও পরিচালনা পর্ষদ কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে প্রতিপালন ও প্রয়োজ্য ক্ষেত্রে প্রতিবেদন প্রস্তুতে সহায়তা করা।

পাতা ৯ / ১২৯

Zaki M.
(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সার্বমেয়ন কর্পোরেশন পিএলসি।



মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ১০। কোম্পানির ল্যাণ্ডিং স্টেশনসমূহের আর্থিক কার্যক্রম সরেজমিনে নিরীক্ষা এবং নিয়ন্ত্রক সংস্থা ও অন্যান্য প্রতিষ্ঠানের নিয়ম-নীতি পরিপালন পর্যালোচনা।
- ১১। অবসর/প্রেমণ/চুক্তিভিত্তিক/স্বেচ্ছায় চাকুরি হতে অব্যাহতি সম্পর্কিত নিরীক্ষা আপত্তি পর্যালোচনা ও সম্পাদন করা।
- ১২। কোম্পানির বকেয়া আদায়ের অগ্রগতির বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান।
- ১৩। হিসাব, ব্যাংক সমন্বয়, নিরীক্ষা রুটিন, নিয়ন্ত্রণ অ্যাকাউন্টস এবং রেওয়ামিল ব্যালেন্সের গাণিতিক নির্ভুলতা যাচাইয়ে সহযোগিতা করা।
- ১৪। ব্যয়ের/সংগ্রহের ক্ষেত্রে পদ অনুযায়ী প্রদত্ত আর্থিক ক্ষমতার যথাযথ প্রয়োগ পর্যবেক্ষণ করা এবং ল্যাণ্ডিং স্টেশনের প্রদত্ত প্রাক্কলন ও প্রকৃত ব্যয়/সংগ্রহের মধ্যে সমন্বয় পর্যবেক্ষণ করা।
- ১৫। কুক্ষণ লিপিবদ্ধকরণ এবং কর্মকর্তা-কর্মচারীদের ট্যাক্স কর্তন এর সঠিকতা যাচাই করা।
- ১৬। অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত কর্মকর্তা-কর্মচারীদের মাসিক বেতন বিবরণীর সঠিকতা যাচাই করা এবং ট্যাক্স ও ভ্যাট কর্তন/প্রদান এর যথাযথ প্রয়োগ পর্যবেক্ষণ করা।
- ১৭। হিসাব নিরীক্ষা করা এবং প্রাথমিক অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন প্রণয়ন করা।
- ১৮। কোম্পানির অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের সাথে সরকারি এবং বিধিবদ্ধ নিরীক্ষকদের মধ্যে সমন্বয় সাধনপূর্বক অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।
- ১৯। নিয়মিতভাবে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে কোম্পানির সকল অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ২০। পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য অভ্যন্তরীণ নিরীক্ষা সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যপত্র তৈরি করা।
- ২১। অভ্যন্তরীণ নিরীক্ষা শাখার জন্য প্রয়োজনীয় বাজেট প্রস্তুত করা।
- ২২। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে সমন্বয়পূর্বক অডিট বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ২৩। কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।
- ২৪। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিধি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে তদারকি এবং তাদের বার্ষিক পোপনীয় অনুবেদন প্রদান।
- ২৫। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ২৬। কোম্পানির পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

পাতা ১০ / ১২৯

Zaki M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সার্বমৌলিক কার্যালয় পিএনসি।



(Signature)

মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

৪.০ কোম্পানি সচিব এর দপ্তরঃ

৪.১ কোম্পানি সচিব

পদের নাম	কোম্পানি সচিব
কাহার নিকট রিপোর্ট করবে	ব্যবস্থাপনা পরিচালক
প্রধান ভূমিকাঃ	কোম্পানির সেক্রেটারীয়েল বিষয়াদি দক্ষতার সহিত পরিচালনা করা।

কর্তব্য ও দায়িত্বঃ

- ১। পরিচালনা পর্ষদের নির্দেশ অনুযায়ী নিয়মিত পর্ষদ সভার আয়োজন এবং এ সংক্রান্ত কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদন করা।
- ২। কোম্পানি এর পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্যদের নিকট বিভিন্ন তথ্য সঠিকভাবে উপস্থাপন করা।
- ৩। কোম্পানি এর পরিচালনা পর্ষদ কর্তৃক গঠিত বিভিন্ন কমিটির নিয়মিত সভা আয়োজন ও সাচিবিক দায়িত্ব পালন, বিভিন্ন পরিষেবা দিয়ে সহযোগিতা করা।
- ৪। কোম্পানির বার্ষিক সাধারণ সভা (এজিএম), বিশেষ সাধারণ সভা (ইজিএম) এবং পরিচালনা পর্ষদ কর্তৃক সময়ে সময়ে গঠিত অন্যান্য উপ-কমিটির সভা আয়োজন করা।
- ৫। প্রাসঙ্গিক আইন এবং নিয়ন্ত্রক সংস্থাসহ অন্যান্য সংস্থার নির্দেশনাবলী পর্যবেক্ষণ এবং পরিপালনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
- ৬। বহিরাগত উপদেষ্টা, কমপ্লায়েন্স অডিটর, অন্যান্য নিরীক্ষক, আইন উপদেষ্টা এবং নিয়ন্ত্রক সংস্থার সাথে যোগাযোগ সাধন।
- ৭। কর্পোরেট এবং নিয়ন্ত্রক সংস্থা উত্থাপিত বিভিন্ন সমস্যার সমাধান করা।
- ৮। RJSC এবং Securities and Exchange Commission এর বিভিন্ন বিবৃতির জবাব প্রস্তুতকরণ এবং জমাদান।
- ৯। প্রয়োজনীয় বিভিন্ন রেজিস্টার, পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণী, বিভিন্ন সংস্থার সঙ্গে পরিচালনা সংক্রান্ত বিষয়ে সম্পাদিত চুক্তি, কোম্পানির এর অনুকূলে প্রাপ্ত সকল লাইসেন্স ইত্যাদি সংরক্ষণ করা।
- ১০। পরিচালনা পর্ষদের বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়নে কোম্পানি এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহায়তা প্রদান করা।
- ১১। কোম্পানির পক্ষে কাজ করা এবং প্রযোজ্য ক্ষেত্রে নথিতে স্বাক্ষর করা এবং পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানির প্রতিনিধিত্ব করা।
- ১২। কোম্পানি আইন এবং নিয়ন্ত্রক সংস্থার আইন ও বিধি বিধানের পরিবর্তন পর্যবেক্ষণ করা এবং যথাযথ পদক্ষেপ গ্রহণ করা।
- ১৩। কর্পোরেট ও অন্যান্য সংস্থার সাথে বিদ্যমান সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ করা।
- ১৪। বিএসইসি, আরজেএসসি, ডিএসই, সিএসইতে বিভিন্ন স্টেটমেন্ট ও রিটার্ন যথা সময়ে জমাদান নিশ্চিত করা।
- ১৫। সহকারী কাউন্সিল অফিসারের সহায়তায় সংসদের/সংসদীয় কমিটির বিভিন্ন প্রশ্নের জবাব/তথ্য প্রদান এবং কোম্পানির কাউন্সিল অফিসার হিসাবে কাজ করা।
- ১৬। কোম্পানির বার্ষিক প্রতিবেদন, মূল্য সংবেদনশীল তথ্য (পিএসআই), প্রেস রিলিজ এবং অন্যান্য প্রয়োজনীয় প্রতিবেদন প্রস্তুত করে যথা সময়ে প্রকাশ করা।
- ১৭। বিএসইসি, ডিএসই, সিএসই, আরজেএসসিসহ অন্যান্য সংবিধিবদ্ধ সংস্থায় কমপ্লায়েন্স প্রতিবেদন জমা দেয়া।

পাতা ১১ / ১২৯

Zaki M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবেকিন কার্বলস পিএলসি।



মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ১৮। কোম্পানির স্টেকহোল্ডারদের/শেয়ারহোল্ডারদের সাথে যোগাযোগ রক্ষা করা, শেয়ারহোল্ডারদের প্রদত্ত ভিডিওতে সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধান করা।
- ১৯। পিটিডি, অর্থমন্ত্রনালয়, ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান সাথে যোগাযোগ করে বিভিন্ন প্রতিবেদন জমাদান।
- ২০। কোম্পানির আইনগত সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ ও বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় আইনী কার্যক্রম পরিচালনা করা।
- ২১। কোম্পানি সচিব অনুবিভাগের জন্য প্রয়োজনীয় বাজেট প্রস্তুত করে অর্থ ও হিসাব অনুবিভাগে প্রেরণ করা।
- ২২। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে প্রযোজ্য ক্ষেত্রে সমন্বয়পূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ২৩। কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।
- ২৪। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিধি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনেতদারকি এবং তাদের বার্ষিক পোপনীয অনুবেদন প্রদান।
- ২৫। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ২৬। কোম্পানির পরিচালনা পর্যদ/ব্যবস্থাপনা পরিচালক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

৪.২ ব্যবস্থাপক (বোর্ড ও কর্পোরেট এক্জিকিউটিভ)

পদের নাম	ব্যবস্থাপক (বোর্ড ও কর্পোরেট এক্জিকিউটিভ)
কাহার নিকট রিপোর্ট করবে	কোম্পানি সচিব
প্রধান ভূমিকাঃ	কোম্পানি সচিবকে বোর্ড সভা, কমপ্রায়েন্স, রেকর্ড সংরক্ষণ, এবং শেয়ারহোল্ডারদের বিষয়াদি পরিচালনায় সহায়তা করা।

কর্তব্য ও দায়িত্বঃ

- ১। বোর্ড সভা, বার্ষিক সাধারণ সভা (এজিএম), অসাধারণ সাধারণ সভা (ইজিএম) এবং বোর্ড কমিটির সভা আয়োজনের জন্য কোম্পানি সচিবকে সহায়তা করা।
- ২। বোর্ড সভার কার্যপত্র প্রস্তুত ও বিতরণে কোম্পানি সচিবকে সহায়তা করা।
- ৩। সভার নোটিশ প্রস্তুত ও বিতরণ নিশ্চিত করা।
- ৪। এজিএম, ইজিএম, বোর্ড মিটিং এবং বোর্ড কমিটির সভা সম্পর্কিত রেকর্ড সংরক্ষণ করা।
- ৫। সভার সিদ্ধান্তের উদ্ধৃত অংশ বাস্তবায়ন নিশ্চিত করতে কোম্পানির সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে প্রেরণের জন্য কোম্পানি সচিবকে সহায়তা করা।
- ৬। বোর্ড সভার কার্যক্রম সম্পর্কিত তথ্য কোম্পানির ম্যানেজমেন্ট এবং স্টেকহোল্ডারদের কাছে সঠিকভাবে উপস্থাপন করা।
- ৭। কোম্পানি আইন, নিয়ন্ত্রক সংস্থার নিয়মনীতি, এবং সংস্থার অভ্যন্তরীণ নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা।
- ৮। আইন উপদেষ্টা, নিরীক্ষক, কমপ্রায়েন্স অডিটর এবং অন্যান্য বাহ্যিক প্রতিষ্ঠানগুলোর সাথে যোগাযোগ রক্ষা করা।

পাতা ১২ / ১২৯

Zakia M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি।



মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ৯। প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদন, কমপ্লায়েন্স প্রতিবেদন এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুত করা এবং নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা সংস্থায় জমা দেয়া।
- ১০। কোম্পানির স্টেকহোল্ডারদের সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখা এবং তাদের প্রয়োজনীয় তথ্য প্রদান করা।
- ১১। RJSC, বিএসইসি, ডিএসই, সিএসইসহ অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা।
- ১২। সংবিধিবদ্ধ ও সময়ানুবর্তিতা প্রতিবেদন সময়মত জমা দেয়ার ব্যবস্থা করা এবং কমপ্লাইন্স (Compliance) নিশ্চিত করা।
- ১৩। গণমাধ্যমে 'মূল্য সংবেদনশীল তথ্য' প্রকাশ এবং বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণের ব্যবস্থা করা।
- ১৪। নিয়ন্ত্রণাধীন কর্মচারীদের বার্ষিক কর্মসম্পাদন মূল্যায়ন করা।
- ১৫। বিভিন্ন সভা এবং মিটিং সম্পর্কিত তথ্য এবং ফাইল সংরক্ষণ করা।
- ১৬। কোম্পানির বোর্ড মেম্বারদের হালনাগাদ তথ্য, মূল্য সংবেদনশীল তথ্য (পিএসআই) এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ ও হালনাগাদের ব্যবস্থা করা।
- ১৭। বোর্ড ও কর্পোরেট এফেয়ার্স অধিশাখার জন্য প্রয়োজনীয় বাজেট প্রস্তুত করা।
- ১৮। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে প্রয়োজ্য ক্ষেত্রে সমন্বয়পূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ১৯। কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।
- ২০। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিধি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনেতদারকি এবং তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান।
- ২১। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ২২। কোম্পানির পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।


৪.৩ উপ-সহকারী ব্যবস্থাপক (কর্পোরেট এ্যাফেয়ার্স)

পদের নাম	উপ-সহকারী ব্যবস্থাপক (কর্পোরেট এ্যাফেয়ার্স)
কাহার নিকট রিপোর্ট করবে	ব্যবস্থাপক (কর্পোরেট এ্যাফেয়ার্স)
প্রধান ভূমিকাঃ	ব্যবস্থাপক (কর্পোরেট এ্যাফেয়ার্স)-এর সহযোগিতায় কর্পোরেট কার্যক্রম পরিচালনা, নথি ব্যবস্থাপনা, এবং প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা।

কর্তব্য ও দায়িত্বঃ

- ১। ব্যবস্থাপক (কর্পোরেট এ্যাফেয়ার্স) এর নির্দেশনায় বোর্ড সভা, এজিএম, ইজিএম, এবং অন্যান্য সভার আয়োজন এবং নথিপত্র প্রস্তুতিতে সহায়তা করা।
- ২। বোর্ড সভার কার্যপত্র, আলোচ্যসূচি, কার্যবিবরণী এবং সংশ্লিষ্ট নথি প্রস্তুত ও বিতরণে ব্যবস্থাপককে সহযোগিতা করা।
- ৩। ব্যবস্থাপকের তত্ত্বাবধানে প্রাসঙ্গিক রেকর্ড যেমন বোর্ড সভার কার্যবিবরণী, চুক্তি, লাইসেন্স এবং অন্যান্য নথি যথাযথভাবে সংরক্ষণ করা।

পাতা ১৩ / ১২৯


(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাক্ষরিত ক্যাঙ্কাল পিএলসি।




মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ৪। রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানি (RJSC), বিএসইসি, ডিএসই, সিএসই, এবং অন্যান্য নিয়ন্ত্রক সংস্থার সাথে যোগাযোগ রক্ষায় ব্যবস্থাপককে সহায়তা করা।
- ৫। শেয়ারহোল্ডারদের নথিপত্র ও রেকর্ড সংরক্ষণ এবং প্রয়োজনীয় তথ্য সরবরাহে ব্যবস্থাপককে সহায়তা করা।
- ৬। মূল্য সংবেদনশীল তথ্য (PSI) এবং বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রকাশের প্রক্রিয়া ব্যবস্থাপকের নির্দেশনায় পরিচালনা করা।
- ৭। প্রাসঙ্গিক আইন ও বিধান পর্যবেক্ষণ এবং ব্যবস্থাপকের নির্দেশে তা বাস্তবায়নের ব্যবস্থা করা।
- ৮। ব্যবস্থাপকের নির্দেশনায় কর্পোরেট কার্যক্রম ও সংস্থার বিভিন্ন সমস্যা সমাধানে প্রাসঙ্গিক বিভাগগুলোর সাথে সমন্বয় সাধন করা।
- ৯। ব্যবস্থাপকের নির্দেশে প্রশাসনিক ও আইনি কার্যক্রমসহ কোম্পানির পরিচালন সম্পর্কিত অন্যান্য দায়িত্ব পালন করা।
- ১০। দৈনিক পত্রিকার সাথে যোগাযোগ করে বিভিন্ন বিভাগের বিজ্ঞাপন প্রেরণ এবং ছাপানোর বিষয়টি তদারকি করা ও প্রেস রিলিজ প্রেরণ।
- ১১। বোর্ড সংশ্লিষ্ট চিঠিপত্র ও কার্যপত্রের ফাইল নির্দেশ অনুসারে প্রেরণ করা।
- ১২। কোম্পানির বিভিন্ন অনুষ্ঠানে লজিস্টিক সহায়তা প্রদান করা এবং আপ্যায়নের ব্যবস্থা করা।
- ১৩। বিভিন্ন দিবসে সরকারি নির্দেশনা অনুসারে ব্যানার, ফেস্টুন প্রণয়ন এবং উক্ত অনুষ্ঠানের লজিস্টিক দায়িত্ব পালন করা।
- ১৪। প্রয়োজন অনুসারে অন্যান্য সংস্থায় প্রক্রিয়াধীন দাপ্তরিক কাজ সম্পন্ন করার জন্য যোগাযোগ করা।
- ১৫। কোম্পানির দাপ্তরিক কাজে ব্যবহৃত প্যাড, খাম ও বার্ষিক প্রতিবেদন ইত্যাদি মুদ্রণ কাজে সহায়তা করা।
- ১৬। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে প্রয়োজ্য ক্ষেত্রে সমন্বয়পূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ১৭। কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।
- ১৮। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিধি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনেনেতদারকি এবং তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান।
- ১৯। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ২০। কোম্পানির পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

পাতা ১৪ / ১২৯

২০২০

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব) -
বাংলাদেশ সাবমেরিন কাঞ্চনস পিএলসি।




মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

8.8 ব্যবস্থাপক (শেয়ার ও আইন)

পদের নাম	ব্যবস্থাপক (শেয়ার ও আইন)
কাহার নিকট রিপোর্ট করবে	কোম্পানি সচিব
প্রধান ভূমিকাঃ	কোম্পানির শেয়ার ও আইন সংক্রান্ত বিষয়সমূহ তদারকি এবং পরিচালনা, শেয়ারহোল্ডারদের সেবা প্রদান, আইনি পদক্ষেপ গ্রহণ, এবং প্রয়োজনীয় নথি সংরক্ষণ নিশ্চিত করা।

কর্তব্য ও দায়িত্বঃ

- ১। কোম্পানির শেয়ার ও আইন সংক্রান্ত বিষয়সমূহ তদারকি এবং পরিচালনা, শেয়ারহোল্ডারদের সেবা প্রদান, আইনি পদক্ষেপ গ্রহণ, এবং প্রয়োজনীয় নথি সংরক্ষণে কোম্পানি সচিবকে সহায়তা করা।
- ২। কোম্পানির শেয়ারহোল্ডারদের ডিভিডেন্ড সংশ্লিষ্ট সেবা প্রদান ও বকেয়া ডিভিডেন্ড-এর হিসাব সংরক্ষণ।
- ৩। কোম্পানির শেয়ারহোল্ডারদের আয়কর সনদ সংশ্লিষ্ট সেবা প্রদান।
- ৪। কোম্পানির প্রাতিষ্ঠানিক ও বিদেশী শেয়ারহোল্ডারদের স্বার্থ সংশ্লিষ্ট সেবা প্রদান।
- ৫। কোম্পানির শেয়ারহোল্ডারদের মাসিক তথ্য নিয়ন্ত্রক সংস্থাকে প্রেরণ এবং বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থার সাথে যোগাযোগ রক্ষা।
- ৬। এজিএম, ইজিএম ও ডিভিডেন্ড প্রদানের এর নিমিত্ত কোম্পানির শেয়ারহোল্ডারগণের তালিকা প্রণয়ন এবং বার্ষিক প্রতিবেদন, এজিএম-এর নোটিশ ইত্যাদি প্রেরণ।
- ৭। ডিভিডেন্ড বিবরণী যাচাই-বাছাই।
- ৮। উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা সাপেক্ষে কোম্পানির স্বার্থ সংরক্ষণার্থে মামলা দায়েরসহ প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণ।
- ৯। কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ মনিটরিং, হলফনামা স্বাক্ষর, সাক্ষী হাজিরের ব্যবস্থা গ্রহণ।
- ১০। কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহে প্রতিষ্ঠানের পক্ষে হলফনামা স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ এবং যথাসময়ে বাদী/সাক্ষী হাজিরের ব্যবস্থা গ্রহণ।
- ১১। কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ পর্যবেক্ষণের জন্য এখতিয়ারভুক্ত আদালতে কোম্পানির প্রতিনিধি হিসেবে হাজির থাকা।
- ১২। কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ পর্যবেক্ষণের জন্য সংশ্লিষ্ট ল্যান্ডিং স্টেশন কর্তৃপক্ষ ও নিযুক্ত আইনজীবীগণের সাথে বৈঠক করা।
- ১৩। কোম্পানির আইন উপদেষ্টা ও নিযুক্ত আইনজীবীগণের সাথে যোগাযোগ রক্ষা ও প্রয়োজনীয় তথ্য-উপাত্ত আদান-প্রদান করা।
- ১৪। কোম্পানির আইনগত স্বার্থ সংরক্ষণার্থে কোম্পানির আইন উপদেষ্টা ও নিযুক্ত আইনজীবীগণের নিকট উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা প্রেরণ।
- ১৫। কোম্পানির আইনগত স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে কোম্পানির আইন উপদেষ্টা ও নিযুক্ত আইনজীবীগণের নিকট থেকে প্রাপ্ত তথ্য ও পরামর্শ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে উপস্থাপন ও নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।
- ১৬। প্রযোজ্য ক্ষেত্রে কোম্পানির আইনগত স্বার্থ সংরক্ষণার্থে আপিল/রিভিউ ইত্যাদি আইনগত পদক্ষেপ গ্রহণের ব্যবস্থা গ্রহণ।

পাতা ১৫ / ১২৯

Zaki M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি।



মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ১৭। কোম্পানির আইন উপদেষ্টা ও নিযুক্ত আইনজীবীগণের পরামর্শক্রমে বিশেষজ্ঞ আইনজীবী নিয়োগের প্রয়োজনীয়তা হলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করা।
- ১৮। কোম্পানির আইনগত সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ।
- ১৯। আর্দিষ্ট হলে বিভিন্ন আইনগত বিষয়ে মতামত প্রদান।
- ২০। কোম্পানির আইনজীবীগণের বিল যাচাই বাছাই ও সুপারিশ করা।
- ২১। কোম্পানির আইনী কার্যক্রম পরিচালনা এবং মামলাসমূহের নথি সংরক্ষণ নিশ্চিত করা।
- ২২। কোম্পানির শেয়ারহোল্ডার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন, মূল্য সংবেদনশীল তথ্য, লভ্যাংশ তথ্য, বার্ষিক এবং আর্থিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট এ নিয়মিত প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা।
- ২৩। কোম্পানির মূল্য সংবেদনশীল তথ্য/উল্লেখযোগ্য তথ্য প্রকাশ নীতিমালা ২০২৪ অনুসারে প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রকাশে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
- ২৪। অনলাইন এ ট্যাক্স সার্টিফিকেট ও লভ্যাংশ সংক্রান্ত তথ্য প্রাপ্তি বিষয়ক সফটওয়্যার নিয়মিত হালনাগাদ ও রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ২৫। পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য শেয়ার ও আইন সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যপত্র তৈরি করা।
- ২৬। শেয়ার ও আইন অধিশাখার জন্য প্রয়োজনীয় বাজেট প্রস্তুত করা।
- ২৭। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে প্রযোজ্য ক্ষেত্রে সমন্বয়পূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ২৮। কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।
- ২৯। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিধি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনেতদারকি এবং তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান।
- ৩০। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ৩১। কোম্পানির পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

৪.৫ সহকারী ব্যবস্থাপক (শেয়ার ও আইন)

পদের নাম	সহকারী ব্যবস্থাপক (শেয়ার ও আইন)
কাহার নিকট রিপোর্ট করবে	ব্যবস্থাপক (শেয়ার ও আইন)
প্রধান ভূমিকা	কোম্পানির শেয়ার ও আইন সংক্রান্ত বিষয়সমূহ তদারকি এবং পরিচালনা, শেয়ারহোল্ডারদের সেবা প্রদান, আইনি পদক্ষেপ গ্রহণ এবং প্রয়োজনীয় নথি সংরক্ষণে ব্যবস্থাপককে সহায়তা প্রদান।

কর্তব্য ও দায়িত্বঃ

- ১। কোম্পানির শেয়ার ও আইন সংক্রান্ত বিষয়সমূহ তদারকি এবং পরিচালনায় ব্যবস্থাপক (শেয়ার ও আইন)-কে সহায়তা করা।
- ২। শেয়ারহোল্ডারদের ডিভিডেন্ড সংশ্লিষ্ট সেবা প্রদান এবং বকেয়া ডিভিডেন্ড-এর হিসাব সংরক্ষণ করা।
- ৩। শেয়ারহোল্ডারদের আয়কর সনদ সংক্রান্ত সেবা প্রদান করা।

পাতা ১৬ / ১২৯

M. A. M.
(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
স্বাধীনতা সার্বভৌমত্ব সচিবালয় পিএনসি।



M. A. M.
মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ৪। প্রাতিষ্ঠানিক ও বিদেশী শেয়ারহোল্ডারদের স্বার্থ সংশ্লিষ্ট সেবা প্রদান করা।
- ৫। কোম্পানির শেয়ারহোল্ডারগণের মাসিক তথ্য নিয়ন্ত্রক সংস্থাকে প্রেরণের নিমিত্ত তথ্য প্রস্তুতকরণ।
- ৬। এজিএম, ইজিএম ও ডিভিডেন্ড প্রদানের এর নিমিত্ত কোম্পানির শেয়ারহোল্ডারগণের তালিকা প্রণয়ন এবং বার্ষিক প্রতিবেদন, এজিএম-এর নোটিশ ইত্যাদি প্রেরণ।
- ৭। ডিভিডেন্ড বিবরণী যাচাই-বাছাই করা।
- ৮। কোম্পানির স্বার্থ সংরক্ষণার্থে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণ করা এবং আইনি কাজে ব্যবস্থাপককে সহায়তা করা।
- ৯। কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ মনিটরিং করা, হলফনামা স্বাক্ষর করা, সাক্ষী হাজিরের ব্যবস্থা গ্রহণ করা।
- ১০। মামলাসমূহে প্রতিষ্ঠানটির পক্ষে হলফনামা স্বাক্ষর করা এবং যথাসময়ে সাক্ষী হাজিরের ব্যবস্থা করা।
- ১১। কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ পর্যবেক্ষণ করা এবং সংশ্লিষ্ট আদালতে কোম্পানির প্রতিনিধি হিসেবে হাজির থাকা।
- ১২। কোম্পানির আইন উপদেষ্টা ও নিযুক্ত আইনজীবীগণের সাথে যোগাযোগ রক্ষা করা এবং প্রয়োজনীয় তথ্য-উপাত্ত আদান-প্রদান করা।
- ১৩। কোম্পানির আইনগত স্বার্থ সংরক্ষণার্থে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা।
- ১৪। কোম্পানির আইনগত সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।
- ১৫। কোম্পানির পক্ষে যথাপোযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে বিভিন্ন আইনগত মতামত সংগ্রহ।
- ১৬। কোম্পানির আইনজীবীগণের বিল যাচাই-বাছাই করা এবং সুপারিশ করা।
- ১৭। কোম্পানির আইনী কার্যক্রম পরিচালনা এবং মামলাসমূহের নথি সংরক্ষণ নিশ্চিত করা।
- ১৮। কোম্পানির শেয়ারহোল্ডার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন, মূল্য সংবেদনশীল তথ্য, লভ্যাংশ তথ্য, বার্ষিক এবং আর্থিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট এ নিয়মিত প্রকাশ নিশ্চিত করা।
- ১৯। কোম্পানির মূল্য সংবেদনশীল তথ্য/উল্লেখযোগ্য তথ্য প্রকাশ নীতিমালা ২০২৪ অনুসারে প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করা।
- ২০। অনলাইন এ ট্যাক্স সার্টিফিকেট ও লভ্যাংশ সংক্রান্ত তথ্য প্রাপ্তি বিষয়ক সফটওয়্যার নিয়মিত হালনাগাদ ও রক্ষণাবেক্ষণ করা।
- ২১। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে প্রযোজ্য ক্ষেত্রে সমন্বয়পূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ২২। কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।
- ২৩। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিধি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনেতদারকি এবং তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান।
- ২৪। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ২৫। কোম্পানির পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

পাতা ১৭ / ১২৯

Zakir M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাক্ষরিত ক্যাবলস পিএনসি।




মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক


৫.০ মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ):

পদের নাম	মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)
কাহার নিকট রিপোর্ট করবে	ব্যবস্থাপনা পরিচালক
প্রধান ভূমিকা	কোম্পানির প্রশাসনিক, মানবসম্পদ ও আর্থিক বিষয়াদি দক্ষতার সহিত পরিচালনা করা।

কর্তব্য ও দায়িত্ব:

- ১। ব্যবস্থাপনা পরিচালক কে তীর দায়িত্ব পালনে সহায়তা করা।
- ২। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের সঠিক নির্দেশনা প্রদান এবং তদারকি করা।
- ৩। অধীনস্থ উপ-মহাব্যবস্থাপকগণদের রিপোর্টগুলি নিয়মিত পর্যালোচনা।
- ৪। নিয়ন্ত্রণাধীন অনুবিভাগ/শাখা অফিসসমূহ নিয়মিত পরিদর্শন করা।
- ৫। প্রশাসন ও অর্থ বিভাগের কার্যক্রমের সাথে সম্পর্কিত বার্ষিক বাজেট প্রণয়ন।
- ৬। কোম্পানির অনুমোদিত আর্থিক ক্ষমতা/নীতিমালা/নির্দেশিকা যথাযথ অনুসরণ ও প্রতিপালন করা।
- ৭। অধঃস্তন কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত প্রশাসন ও অর্থ বিভাগের বার্ষিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনা ও সুপারিশ প্রদান করতঃ কর্তৃপক্ষের নিকট প্রেরণ।
- ৮। কর্মকর্তা/কর্মচারীর চাকুরী সংক্রান্ত আবেদনগুলো পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ৯। কোম্পানীর বিধিমালা এবং নীতি অনুযায়ী শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম তদারকি করা।
- ১০। অফিস সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় অফিস আদেশ জারির ব্যবস্থা গ্রহণসহ অন্যান্য নিয়মিত কার্যক্রম যেমন বিভিন্ন কমিটি গঠন, বদলি, পদায়ন, পদোন্নতি, নিয়োগ, উচ্চতর গ্রেড, বার্ষিক বেতন বৃদ্ধি, ছুটির বিবরণী, অফিসে অনুপস্থিতি/বিলম্বের জন্য বিধি মোতাবেক বেতন কর্তনসহ সার্বিক মানবসম্পদ ব্যবস্থাপনা।
- ১১। কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বিভিন্ন সভা/প্রশিক্ষণ আয়োজন ও প্রযোজ্য ক্ষেত্রে অংশগ্রহণ করা।
- ১২। প্রয়োজনীয় ক্ষেত্রে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, সংস্থা, উন্নয়ন সহযোগী ইত্যাদি এবং কনসোর্টিয়ামের সাথে দাপ্তরিক যোগাযোগের বিষয়গুলো পর্যবেক্ষণ করা।
- ১৩। দাপ্তরিক নথি, দলিলপত্র ও রেকর্ডসমূহ পর্যবেক্ষণের পাশাপাশি কোম্পানির নিয়ম ও বিধিবিধান মেনে চলার ব্যবস্থা গ্রহণ।
- ১৪। কোম্পানির প্রবিধানমালা অনুসারে সকল কর্মকর্তা ও কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংগ্রহ ও সংরক্ষণ নিশ্চিত করা।
- ১৫। কোম্পানির কর্মকর্তা/কর্মচারীগণের উৎকর্ষ সাধনের লক্ষ্যে প্রয়োজনভেদে প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করা এবং দক্ষ জনবলের গঠনের মাধ্যমে কোম্পানির লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে সহায়তা করা।
- ১৬। প্রটোকল ও জনসংযোগের জন্য দায়িত্বশীল হওয়া এবং কোম্পানির নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়গুলো তদারকি করা।
- ১৭। কোম্পানির এসেট ম্যানেজমেন্ট, লজিস্টিক, ইউটিলিটি সরবরাহ এবং সাধারণ পরিষেবা সম্পর্কিত কার্যক্রমসমূহ তদারকি করা।
- ১৮। হার্ডওয়্যার ও সফটওয়্যার এবং নেটওয়ার্ক সিস্টেমসহ কোম্পানির আইটি অবকাঠামো তদারকি ও উন্নতি সাধন করা।

পাতা ১৮ / ১২৯


(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব) -
বাংলাদেশ সাক্ষরিত ক্যান্টনমেন্ট পিএলসি।




মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ১৯। কোম্পানির সকল কার্যক্রম ও ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়গুলো ডিজিটাল সিস্টেমে নুপাত্তরে সহায়তা করা।
- ২০। আর্থিক পরিকল্পনা, বাজেট প্রণয়ন, বিভিন্ন একাউন্টিং নীতিমালা পরিপালন।
- ২১। কোম্পানির লক্ষ্য এবং দীর্ঘমেয়াদী ব্যবসায়িক উদ্দেশ্যগুলো পূরণের ক্ষেত্রে আর্থিক কৌশলের উৎকর্ষসাধন।
- ২২। কোম্পানির বার্ষিক/সংশোধিত বাজেট যথাসময়ে প্রণয়ন ও অনুমোদন গ্রহণ এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করা।
- ২৩। কোম্পানির আর্থিক সম্পদ ব্যবস্থাপনাসহ কোম্পানির ব্যয় বাজেট সীমা অতিক্রম না করার বিষয়টি নিশ্চিত করার পাশাপাশি ব্যয় সংকোচনের ক্ষেত্রগুলো চিহ্নিত করা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ২৪। কোম্পানির নগদ প্রবাহ, ক্রেডিট এবং বিনিয়োগ কার্যক্রমের ক্ষেত্রে সর্বোত্তম আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করা। লেজার এবং ব্যাংক স্টেটমেন্টগুলোর নিয়মিত সমন্বয় করার বিষয়টি তদারকি করা। ব্যাংক প্রাপ্তি, বিতরণ, চালান, ব্যাংক ভাউচার, ব্যাংক স্টেটমেন্ট, পেটি ক্যাশ ভাউচার এবং স্টক রেজিস্টার ইত্যাদি সহ সমস্ত আর্থিক রেকর্ড অডিট মানদণ্ড অনুযায়ী পরিচালনার বিষয়টি তদারকি করা।
- ২৫। বিভিন্ন গ্রাহক ও প্রতিষ্ঠান থেকে রাজস্ব আদায় পর্যবেক্ষণ এবং বার্ষিক হিসাবের প্রস্তুতি, সংরক্ষণ ও হিসাবের সার্বিক বিষয়াবলীর তত্ত্বাবধান। কর্মীদের মাসিক পে-রোল/বেতন সংশ্লিষ্ট বিষয়গুলো নিশ্চিত করার পাশাপাশি ওভারটাইম এবং অন্য কোনও সুবিধা/ভাতা প্রদানের বিষয়াদি তদারকি করা।
- ২৬। আর্থিক ক্ষমতা অনুসারে বিল/ভাউচার অনুমোদন বা বিল অনুমোদনের ব্যবস্থা গ্রহণ।
- ২৭। বহিঃনিরীক্ষা তত্ত্বাবধান এবং পর্যদ সভা ও বার্ষিক সাধারণ সভায় বহিঃনিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন করা।
- ২৮। পরিচালনা পর্যদ সভায় উপস্থাপনের জন্য প্রশাসন ও অর্থ সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যপত্র তৈরি করা।
- ২৯। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে প্রযোজ্য ক্ষেত্রে সমন্বয়পূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ৩০। কোম্পানির বিমি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।
- ৩১। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিমি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনে তদারকি এবং তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান।
- ৩২। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ৩৩। কোম্পানির পরিচালনা পর্যদ/ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

৫.১ উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তরঃ

৫.১.১ উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

পদের নাম	উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)
কাহার নিকট রিপোর্ট করবে	মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)
প্রধান ভূমিকা	কোম্পানির প্রশাসনিক বিষয়াদি দক্ষতার সহিত পরিচালনা করা ও সার্বিক মানবসম্পদ ব্যবস্থাপনা।

কর্তব্য ও দায়িত্বঃ

- ১। মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) কে তাঁর দায়িত্ব পালনে সহায়তা করা।
- ২। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের সঠিক নির্দেশনা প্রদান এবং তদারকি করা।

পাতা ১৯ / ১২৯

২০১৭
(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সার্বমেরিট কন্সাল্ট পিএলসি।




মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ৩। অধীনস্থ ব্যবস্থাপকগণদের রিপোর্টগুলি নিয়মিত পর্যালোচনা।
- ৪। নিয়ন্ত্রণাধীন অধিশাখা/শাখা অফিসসমূহ নিয়মিত পরিদর্শন করা।
- ৫। মানবসম্পদ ও প্রশাসন কার্যক্রমের সাথে সম্পর্কিত বার্ষিক বাজেট প্রণয়ন।
- ৬। কোম্পানির অনুমোদিত আর্থিক দক্ষতা/প্রক্রিয়া/নীতিমালা/নির্দেশিকা যথাযথ অনুসরণ ও প্রতিপালন করা।
- ৭। পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য মানবসম্পদ ও প্রশাসন সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যপত্র তৈরি করা।
- ৮। অফিসের রক্ষণাবেক্ষণ/উন্নয়ন কার্যক্রম সম্পর্কিত বার্ষিক বাজেট এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা তৈরি করা।
- ৯। নিয়মিত অফিস পরিদর্শন এবং সকল চালনা ও রক্ষণাবেক্ষণসমূহ দক্ষতার সাথে পরিচালিত হচ্ছে কিনা তা দেখাশুনা করা এবং কোন সমস্যা থাকলে তা সমাধানের উদ্যোগ গ্রহণ করা।
- ১০। নিয়মিত অফিস পরিদর্শন এবং আওতাধীন কার্যালয়ের নিরাপদ ও স্বাস্থ্যকর কাজের পরিবেশ নিশ্চিতকরণ।
- ১১। সাধারণ কার্যক্রম (যেমন: বদলি, বার্ষিক বেতন বৃদ্ধি, ছুটির হিসাব, বিভিন্ন কমিটি গঠন, কর্মচারীগণের বীমা ইত্যাদি) পরিচালনা করা।
- ১২। কোম্পানি প্রবিধানমালা অনুযায়ী সব ধরনের ছুটি অনুমোদনের প্রক্রিয়াকরণ এবং কর্মচারীদের জন্য নিয়মিত ও বিশেষ বেতন বৃদ্ধির প্রক্রিয়াকরণ।
- ১৩। দাপ্তরিক কাজের সুবিধার্থে বিভিন্ন অফিস আদেশ জারি করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ১৪। কর্মকর্তা-কর্মচারীদের সেবা/চাকুরী সম্পর্কিত আবেদনগুলি পর্যালোচনা করা এবং কর্তৃপক্ষের নিকট উপস্থাপন।
- ১৫। কোম্পানির সকল কর্মচারীদের বেতন ও ভাতা বৃদ্ধির প্রস্তাব প্রস্তুতকরণ।
- ১৬। বিভাগসমূহের জনবলের প্রয়োজনীয়তা যাচাইপূর্বক কোম্পানির অনুমোদিত প্রবিধানমালা অনুযায়ী নিয়োগের প্রস্তাব প্রস্তুতকরণ।
- ১৭। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতির প্রক্রিয়া সম্পাদন করা।
- ১৮। কোম্পানির প্রবিধানমালার নিয়মানুসারে সকল নবনিযুক্ত কর্মকর্তা/কর্মচারীর যোগদানের প্রক্রিয়া নিশ্চিতকরণ।
- ১৯। অফিসের সকল রেকর্ড ও নথিসমূহ কোম্পানির নিয়ম ও প্রবিধানমালার সাথে সঙ্গতিপূর্ণ থাকে সে বিষয়ে খেয়াল রাখা।
- ২০। কোম্পানির প্রবিধানমালা অনুসারে শৃঙ্খলাবিষয়ক কার্যক্রম প্রক্রিয়াকরণ করা।
- ২১। সকল কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন/মূল্যায়ন কোম্পানির বিধি অনুসারে সংগ্রহ ও দায়ের নিশ্চিতকরণ।
- ২২। প্রটোকল ও জনসংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- ২৩। কোম্পানির এসেট ম্যানেজমেন্ট, লজিস্টিক এবং সাধারণ সেবা সম্পর্কিত কার্যক্রম পরিচালনা করা।
- ২৪। স্থায়ী রেকর্ড, বার্ষিক তালিকা, সরঞ্জাম এবং সুবিধাগুলি পর্যাপ্তভাবে রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ।
- ২৫। সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের সফল পরিচালনা নিশ্চিতকরণ।
- ২৬। কোম্পানির সকল প্রকার যানবাহন চালনা, রক্ষণাবেক্ষণ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা।
- ২৭। হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্ক সিস্টেমসহ কোম্পানির আইটি অবকাঠামো পরিচালনা করা এবং কোম্পানির সকল কার্যক্রম ও প্রক্রিয়ার ডিজিটাল রূপান্তরের উদ্যোগ গ্রহণ।
- ২৮। কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা তত্ত্বাবধান এবং প্রয়োজনে পরিবর্তন/উন্নীতকরণ।

পাতা ২০ / ১২৯

Md. M.

(মোহাম্মদ জাকিরুল আলম)
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি।



Md. M.
মোঃ আসলাম হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

- ২৯। নিরাপত্তা ও পরিষেবা বজায় রাখতে জরুরি পরিষেবা, পুলিশ, অ্যাম্বুলেন্স এবং ফায়ার সার্ভিসের সাথে যোগাযোগের মাধ্যমে সমস্যা সমাধান এবং নিরাপত্তা ও সেবা নিশ্চিত করা।
- ৩০। প্রশাসনিক এবং আর্থিক উদ্দেশ্যগুলি সামগ্রিক ব্যবসায়িক উদ্দেশ্যগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা নিশ্চিত করতে অন্যান্য শাখা/বিভাগের প্রধানদের সহযোগিতা করা।
- ৩১। কোম্পানির প্রশাসনিক/ব্যবস্থাপনা/আর্থিক কার্যাবলী/প্রক্রিয়া/প্রণালী/পরিকল্পনা/প্রক্রিয়া যেমন কাজের স্পেসিফিকেশন, কাজের বিবরণ, অর্গানোগ্রাম ইত্যাদির সাথে সম্পর্কিত প্রয়োজনীয় পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করা।
- ৩২। প্রশাসনিক ও আর্থিক বিষয়ে সিনিয়র ম্যানেজমেন্টকে কৌশলগত দিগনির্দেশনা এবং ইনপুট প্রদান করা।
- ৩৩। পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য মানবসম্পদ ও প্রশাসন সংশ্লিষ্ট প্রয়োজনীয় কার্যপত্র তৈরি করা।
- ৩৪। মানবসম্পদ ও প্রশাসন অনুবিভাগের জন্য প্রয়োজনীয় বাজেট প্রস্তুত করে অর্থ ও হিসাব অনুবিভাগে প্রেরণ করা।
- ৩৫। কোম্পানির অন্যান্য বিভাগ/শাখার সাথে প্রযোজ্য ক্ষেত্রে সমন্বয়পূর্বক কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ৩৬। কোম্পানির বিধি-বিধান এবং সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন আদেশ পরিপালন।
- ৩৭। অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের বিধি-বিধান পরিপালন ও দাপ্তরিক কার্যক্রম সম্পাদনেতদারকি এবং তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন প্রদান।
- ৩৮। কোম্পানির নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ নিয়ন্ত্রক সংস্থা/ সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ।
- ৩৯। কোম্পানির পরিচালনা পর্ষদ/ব্যবস্থাপনা পরিচালক/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

